গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
আইন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ২৭-১০-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	কে এম আবদুল ওয়াদুদ অতিরিক্ত সচিব (আইন, ত্রাণ প্রশাসন ও ত্রাণ)
সভার তারিখ	২৭-১০-২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	কক্ষ নং-২২৭, ভবন নং-৪, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব জনাব সানজিদা ইয়াছমিন সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বিগত ১৯ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন। তিনি আরো জানান যে, বিগত সভার গৃহীত উদ্ভাবন প্রকল্পটির বাস্তবায়ন মূল্য বেশি হওয়ায় এবং এ জাতীয় অপর একটি প্রকল্প গ্রহণের কার্যক্রম পরিকল্পনা শাখায় চলমান থাকায় প্রকল্পটি ডুপ্লিকেশন হওয়ার সম্ভাবনা রয়েছে বিধায় উক্ত উদ্ভাবনটি সংশোধন করা প্রয়োজন। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে এ বিষয়ে মতামত প্রদান করার জন্য বলেন। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

সিদ্ধান্তসমূহঃ

১. 'উপকূলীয় জেলায় স্বেচ্ছাসেবকদের মোবাইল অ্যাপের মাধ্যমে দুর্যোগের আগাম সতর্কবার্তা প্রেরণ' সংক্রান্ত কর্মপরিকল্পনাটি ২০২২-২০২৩ অর্থবছরের বাস্তবায়ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা ইনোভেশন টিমের কার্যক্রম কে গতিশীল করার জন্য উপসচিব (ত্রাক-২) জনাব আবু সাইদ মো: কামাল ও সহকারী সচিব জনাব কে, এম আনিছুল ইসলাম কে কোয়াপ্ট করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.১০.২২
কে এম আবদুল ওয়াদুদ
অতিরিক্ত সচিব (আইন, ত্রাণ প্রশাসন ও ত্রাণ)

CamScanner

উদ্ভাবনের নাম	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ	উদ্ভাবনের যৌক্তিকতা	বাস্তবায়নকাল	সেবাটি অনলাইনভুক্ত হবে কিনা?	সেবা গ্রহীতা	সম্ভব্য খরচ	বাস্তবায়নকারী
মোবাইল এপসের মাধ্যমে দুর্যোগের সতর্ক বার্তা প্রেরণ	ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) বাংলাদেশের উপকূলীয় ১৩ টি জেলার ৪২ টি উপজেলায় ৩৭১ টি ইউনিয়নের ৩৮০৭ টি গ্রামে ৭৬১৪০ জন স্বেচ্ছাসেবক কর্তৃক আবহাওয়ার আগাম সতর্ক বার্তা স্থানীয় জনগণের মাঝে প্রচার, দুর্যোগ কালীন বিপদাপন্ন স্থানীয় জনগণকে আশ্রয় কেন্দ্রে আনয়ন, অনুসন্ধান ও উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও মানবিক সহায়তা প্রদান করে থাকে। উক্ত স্বেচ্ছাসেবকদের একটি ডেটাবেজ প্রস্তুতপূর্বক তাদের ব্যবহৃত মোবাইল নম্বরে আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রকাশিত আবহাওয়ার সতর্ক বার্তা এবং দুর্যোগের আগাম সতর্ক বার্তা একটি এপসের মাধ্যমে স্বেচ্ছাসেবকদের নিকট পৌঁছে দেয়, যাতে উক্ত সতর্ক বার্তাটি অতিদ্রুত স্থানীয় জনগণের মাঝে পৌঁছানো সম্ভব হয়।	দুর্যোগপূর্ণ এলাকায় সাধারণ জনগণকে দ্রুত নিরাপদ আশ্রয়ে নিয়ে আসা এবং দুর্যোগের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা	জুন-২০২৩	হ্যাঁ	উপকূলীয় এলাকার সাধারণ জনগণ	১০ লক্ষ টাকা (প্রায়)	সংশ্লিষ্ট কমিটি